



"আমাদের দক্ষ্য অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ" "জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চে অগ্রাধিকার"



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

"দেশজ্বেলের শপথ নিল-দুর্নীতিকে বিদায় দিন"

KARNAPHULI GAS DISTRIBUTION COMPANY LIMITED

(A Company of Petrobangla)

www.kgdcl.gov.bd

গ্যাস দুর্ঘটনা প্রতিরোধকল্পে সতর্কীকরণ বিজ্ঞপ্তি

- ❖ অকারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখবেন না। রান্না শেষে গ্যাসের চুলাটি বন্ধ করুন।
- ❖ গ্যাস স্বল্পভাজনিত বা অন্য কোন কারণে চুলাটি আপনা আপনি নিভে গেলেও সতর্কতার সাথে চাবিটি বন্ধ করা হয়েছে কি-না তা নিশ্চিত হোন।
- ❖ চুলা জ্বালানোর কমপক্ষে ১৫/২০ মিনিট পূর্বে রান্নাঘরের দরজা জানালা খুলে অবাধ বায়ু চলাচলের ব্যবস্থা নিশ্চিত করুন।
- ❖ রান্না ঘরের জানালা সবর্দা খোলা রাখুন। জানালা না থাকলে পর্যাপ্ত ভেন্টিলেশন এর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ❖ মাঝে মাঝে সাবান/শ্যাম্পুর ফেনা ছিটিয়ে চুলার নব/পিতলের চাবির সংযোগ স্থলে কোনরূপ বুদবুদ সৃষ্টি তথা লিকেজের আলামত আছে কি-না তা নিজেই পরীক্ষা করুন। কোন লিকেজ পরিলক্ষিত হলে দক্ষ ফিটার/মিস্ত্রী দ্বারা তা মেরামত করে পরীক্ষা করে নিশ্চিত হয়ে নিন। প্রয়োজনে কর্ণফুলী গ্যাসের অনুমোদিত ঠিকাদার (কোম্পানির ওয়েবসাইট থেকে) এর সহায়তা নেয়া যেতে পারে।
- ❖ গ্যাস সংযোগস্থল বা রাইজারসহ অভ্যন্তরীণ জি.আই লাইন (চুলাসহ) নিয়মিত পরীক্ষা করুন। আপনার আসিনায় কোথাও কোন ধরনের গ্যাস লিকেজ পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কক্ষকে অর্ধিত করুন। অন্যথায় গ্যাস লিকেজ জনিত কোন প্রকার দুর্ঘটনা সংঘটিত হলে কেজিডিসিএল দায়ী থাকবে না।
- ❖ কোথাও পরিভ্যক্ত রাইজার দৃষ্টিগোচর হলে তাৎক্ষণিক জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কক্ষ/সংশ্লিষ্ট জোন ব্যবস্থাপক-কে অবহিত করুন।
- ❖ গ্যাস রাইজারটি কোনভাবেই লোহার গ্রীল কিংবা শীট/বস্ত্র দ্বারা আবদ্ধ করবেন না। লিকেজ বা দুর্ঘটনার পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য আপনার আসিনায় স্থাপিত গ্যাস রাইজারটিতে অবাধ যাতায়াত নিশ্চিত করুন। গ্যাস লাইনের উপর কোনরূপ অবকাঠামো নির্মাণ করবেন না। যেকোন ধরনের অবকাঠামো নির্মাণ কিংবা রাইজার আবদ্ধ করা হলে তাৎক্ষণিকভাবে আপনার গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হবে।
- ❖ গ্যাস পাইপ লাইনের সন্নিবন্ধে কোন দাহ্য পদার্থ রাখা বা বৈদ্যুতিক লাইন স্থাপন করা থেকে বিরত থাকুন।
- ❖ গ্যাস বিক্রয় চুক্তির '৭'নং অনুচ্ছেদ অনুযায়ী রেগুলেটর এর নির্গমন ঘর হতে চুলা পর্যন্ত অভ্যন্তরীণ পাইপ লাইনের কোনরূপ ফ্রিট বা ছিদ্রের জন্য কোম্পানি দায়ী হবে না। অভ্যন্তরীণ লাইনে কোনরূপ ফ্রিট বা ছিদ্রের জন্য গ্যাস লিকেজ হলে তাৎক্ষণিকভাবে সংযোগ বিচ্ছিন্ন করা হবে।
- ❖ নিজ খরচে ও স্ব-উদ্যোগে অনতিবিলম্বে কোম্পানির তালিকাভুক্ত ঠিকাদারের মাধ্যমে অভ্যন্তরীণ গ্যাস লাইনের চাপ/লিকেজ পরীক্ষা করানোর ব্যবস্থা নিতে হবে।
- ❖ গ্যাসের অবৈধ সংযোগ গ্রহণ থেকে বিরত থাকুন। কোথাও অবৈধ সংযোগের তথ্য জানা থাকলে কোম্পানিকে অবহিত করুন। অবৈধ সংযোগ হতে বড় ধরনের দুর্ঘটনার উদ্ভব হয়ে থাকে।
- ❖ কোন দুর্যোগপূর্ণ আবহাওয়া বা অন্য যেকোন কারণে গ্যাস লাইনে কোথাও কোন লিকেজ/ফ্রিট/দুর্ঘটনা পরিলক্ষিত হলে বা গ্যাস সরবরাহ বিঘ্নিত হলে নিম্নে প্রদত্ত জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কক্ষের নম্বরে অবহিত করুন।

জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র-উত্তর (ষোলশহর অফিস)	জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র-দক্ষিণ (হালিশহর অফিস)	টেকনিক্যাল সাপোর্ট সেন্টার (প্রি-পেইড মিটারের জন্য)
মোবাইল : +৮৮০১৭৩০-৭২৮৪৪৪ ফোন : +৮৮০২-৪১৩৫৫২৮২	মোবাইল : +৮৮০১৭৭৭-৭১৭৬০৮ ফোন : +৮৮০২-৩৩৩৩২৬৬০৪	মোবাইল : +৮৮০১৭০৭-০৭৪৪৬২ +৮৮০১৭৭৭-৭১৭৬০৭

আপনার সচেতনতাই পারে বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা করতে।

কেজিডিসিএল কর্তৃপক্ষ

১১/৩/২০২৪

প্রকৌশল মোঃ জাহিদ হোসেন
সহকারী প্রকৌশলী (পিএমইসি)
বিতরণ-উত্তর ডিপার্টমেন্ট
কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিঃ
ষোলশহর, চট্টগ্রাম।

১১/৩/২০২৪
কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
বিতরণ-উত্তর ডিপার্টমেন্ট
কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোং লিঃ
চট্টগ্রাম।

১১.৩.২৪

Engr. Md. Rafique Khan
Deputy General Manager
Distribution-North Department
KGDCL, Chattogram.